

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা অনুবিভাগ

স্মারক নং-৫৯.০০.০০.১৩৭.৯৯.০০১.২২.৩৬

তারিখঃ ০৮ নভেম্বর ২০২৩

বিষয়: গাজীপুর জেলার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান পরিদর্শন।

বিগত ১৪ অক্টোবর ২০২৩ তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গাজীপুর জেলার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে গাজীপুর জেলার পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপপরিচালক, সহকারী উপপরিচালক ও সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তা, কর্মচারীগণ উপস্থিত ছিলেন। গাজীপুর জেলার বিভিন্ন প্রতিষ্ঠানের অবকাঠামো, জনবল এবং মা ও শিশুদের স্বাস্থ্যসেবা প্রদানের সুবিধাদিসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি নিয়ে আলোচনা করা হয় ও সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ:

ক. ১ম পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: টঙ্গী থানা পরিবার পরিকল্পনা কার্যালয়, টঙ্গী

ক.১ পরিদর্শনের তারিখ ও সময় : ১৪ অক্টোবর ২০২৩ তারিখ, সকাল ৯.৩০ টা

ক.২ প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা: অনুমোদিত ২৭টি পদে ১৮ জন কর্মরত আছেন। বিস্তারিত নিম্নরূপ:

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত পদ	কর্মরত
১	থানা পরিবার পরিকল্পনা অফিসার (টিএফপিও)	১	১
২	সহকারী থানা পরিবার পরিকল্পনা অফিসার(এটিএফপিও)	১	০
৩	পরিবার কল্যাণ অফিসার (এফপিও)	১	০
৪	থানা পরিবার পরিকল্পনা সহকারী (টিএফপিএ)	৩	৩
৫	অফিস সহায়ক (ওএ)	১	১
৬	পরিবার পরিকল্পনা পরিদর্শক (এফপিআই)	২	১
৭	পরিবার পরিকল্পনা ডিজিটর (এফপিডি)	৩	৩
৮	পরিবার পরিকল্পনা সহকারী (এফপিএ)	১১	৭
৯	আয়া	২	১
১০	এমএলএসএস	২	১
	মোট	২৭	১৮

ক.৩ অবকাঠামো: দোতলা বিল্ডিং। নীচতলায় স্টোর, উপর তলায় অফিস রুম

ক.৪ মা ও শিশুদের স্বাস্থ্যসেবা প্রদানের সুবিধাদি : জন্ম নিরোধের স্থায়ী পদ্ধতির আইউডি, ইমপ্লান্ট, এমএসডি ও টিউবেকটিমি ও অস্থায়ী পদ্ধতির কনডম ও খাবার বড়ি পর্যাপ্ত পরিমাণে রয়েছে।



ক.৫ পর্যবেক্ষণ: আউটপুটভিত্তিক বার্ষিক কর্মপরিকল্পনা করা হয়নি।

ক.৬ সুপারিশ: আউটপুটভিত্তিক বার্ষিক কর্মপরিকল্পনা করা প্রয়োজন।


খ. ২য় পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: মা ও শিশু কল্যাণ কেন্দ্র, পূবাইল ইউনিয়ন

খ.১ পরিদর্শনের তারিখ ও সময়: অক্টোবর ২০২৩ তারিখ, সকাল ১১.৩০ টা

খ.২ প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা: অনুমোদিত ১১টি পদে ৬ জন কর্মরত আছেন। বিস্তারিত নিম্নরূপ:

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত পদ	কর্মরত
১	ডাক্তার	১	১
২	পরিবার কল্যাণ ভিজিটর	৪	১
৩	ফার্মাসিস্ট	১	১
৭	সহকারী নার্সিং এটেনডেন্ট	১	১
৮	মেডিকেল	১	১
৯	আয়া টেকনোরজিস্ট	২	১
১০	কম্পিউটার অপারেটর	১	০
	মোট	১১	৬

খ.৩ হাসপাতালে বেডের সংখ্যা : ১০টি অনুমোদিত। আছে ৪টি যা অকেজো। নিম্নে ছবি দেয়া হলো:



চিএ: পূবাইল ইউনিয়নের মা ও শিশু কল্যাণ কেন্দ্রের ১০টি বেডে মধ্যে ৪টি বেড

খ.৪ পর্যবেক্ষণ: বাস্তবিক পক্ষে কোন বেড নেই এবং এর ব্যবহার হচ্ছে ন।

খ.৫ সুপারিশ: বেড ব্যবহার উপযোগী করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

গ. ৩য় পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: মা ও শিশু কল্যাণ কেন্দ্র, মেঘডুবি ইউনিয়ন


গ.১ পরিদর্শনের তারিখ ও সময়: অক্টোবর ২০২৩ তারিখ, বেলা ২.৩০ টা

গ.২ পরিবার পরিকল্পনা সামগ্রী বিতরণ: অক্টোবর মাসে খাবার বড়ি ৭৮, কনডম ৩৬০টি, ইনজেকশন ৪টি দেয়া হয়েছে।

গ.৩ হাসপাতালে বেডের সংখ্যা : ২০টি অনুমোদিত। আছে ০টি।

	
মেঘডুবি মা ও শিশু কল্যাণ কেন্দ্রের সম্মুখভাগ	মেঘডুবি মা ও শিশু কল্যাণ কেন্দ্রের ২০টি বেডের কোন বেড পাওয়া যায়নি

- গ.৪. পর্যবেক্ষণ: বাস্তবিক পক্ষে কোন বেড নেই। এছাড়া, মা ও শিশু কল্যাণ কেন্দ্রের প্রশাসনিক অনুমোদন নেই।
গ.৫ সুপারিশ: প্রশাসনিক অনুমোদনের প্রাপ্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন স্বাস্থ্য শিক্ষা বিভাগে প্রেরণ করতে পারে। সেবা কার্যক্রম চালু বা বেড ব্যবহার উপযোগী করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।


(ড. রনজি কুমার সরকার)
যুগ্মসচিব (চিশি-উইং)

সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা
- ০২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, গাজিপুর
- ০৫। উপসচিব (পারসোনেল-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৬। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)